

‘বাংলায় অনূদিত’

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ০৪

তারিখঃ ফেব্রুয়ারী ১০, ২০১৩

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

রশ্মানি উন্নয়ন তহবিল (ইডিএফ) প্রসঙ্গে।

এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ২২, ২০০৯ এর ৫(বি) নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী পরোক্ষ রশ্মানির নিমিত্তে বিটিএমএ এর সদস্য মিলের অনুকূলে বান্ধ আকারে তুলা ও অন্যান্য তন্তু আমদানির জন্য বৈদেশিক মুদ্রায় প্রদত্ত ঋণের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক ইডিএফ হতে ঋণ গ্রহণ করতে পারে।

০২। বাংলাদেশ গার্মেন্ট এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ) এর সদস্য প্রতিষ্ঠানগুলো বান্ধ আকারে আমদানিকৃত উৎপাদন উপকরণাদি ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে উৎপাদনকারী-রশ্মানিকারকের নিকট সরবরাহ করে থাকে। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিজিএপিএমইএ এর সদস্য প্রতিষ্ঠান বান্ধ আকারে উৎপাদন উপকরণাদি আমদানির জন্য ইডিএফ এর আওতায় ঋণ সুবিধা পাবে। বিজিএপিএমইএ এর সদস্য প্রতিষ্ঠানের অনুকূলে বৈদেশিক মুদ্রায় অর্থায়নের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিগত বার মাসে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত সরবরাহ মূল্য অথবা মাঃডঃ ১ মিলিয়ন এ দুটির মধ্যে যেটি কম সে পরিমাণ ঋণ সুবিধা পাবে।

০৩। এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর, ২০০৯ এবং এফই সার্কুলার নং ২১, তারিখ নভেম্বর ১৪, ২০১১ এর অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯২